

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
পুলিশ শাখা-২  
www.mha.gov.bd

নং-৪৪.০০.০০০০.০৯৫.১৩.০০৭.১৬-৯১৯

তারিখঃ ০৬ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ  
২০ ডিসেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সৈগুন বাগিচা, ঢাকা।

বিষয় : প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য সিংগাপুরে গমনের অনুমতি প্রদান।

সূত্র : পুলিশ অধিদপ্তরের পত্র নং-ইকুইপমেন্ট/৪৪.০১.০০০০.০২২.০৪.১০১৫/৫৬০৬, তারিখ-২২/১১/২০১৬

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে ২১-২৭ ডিসেম্বর, ২০১৬ সময়ে অথবা তার নিকটবর্তী সুবিধাজনক সময়ে ০৭ দিনের জন্য ক্রয়কৃত Mobile Tracker এর উপর প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য নিম্নোক্ত কর্মকর্তাগণকে সিংগাপুর গমনের সরকারী অনুমোদন জ্ঞাপন করছিঃ

ক্রঃনং	নাম ও পদবী
১.	জনাব আজহারুল ইসলাম মুকুল, সহকারী পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা
২.	জনাব মোঃ শওকত আলী সরকার, পুলিশ পরিদর্শক
৩.	জনাব মোঃ রহমতউল্লাহ মানিক, এএসআই, ডিএমপি, ঢাকা

শর্তাবলী :

- উল্লিখিত প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণকারী কর্মকর্তাগণের যাতায়াত, থাকা-খাওয়াসহ সিংগাপুরে অবস্থানের যাবতীয় ব্যয়ভার সরবরাহকারী প্রতিষ্ঠান বহন করবে।
- তাদের বিদেশে অবস্থানকাল (যাতায়াতের ট্রানজিট সময়সহ) কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।
- উক্ত প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য তারা বেতন ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- তারা ২০/১২/২০১৬ তারিখ অথবা গমনের পরবর্তী তারিখ হতে ০৭ দিনের জন্য ঢাকা ত্যাগ করবেন এবং ২৮/১২/২০১৬ তারিখ অথবা ০৭ দিনের প্রশিক্ষণ কার্যক্রম শেষে ঢাকা প্রত্যাবর্তন করবেন। অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তারা বিদেশে অবস্থান করতে পারবেন না।
- বিদেশ হতে প্রত্যাবর্তনের পর ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে তারা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে বর্ণিত বিষয়ের উপর একটি প্রতিবেদন পেশ করবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল।

স্বাঃ

ফারজানা জেসমিন  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৬৩৩৯ (অঃ)।

নং-৪৪.০০.০০০০.০৯৫.১৩.০০৭.১৬-৯১৯/১(৯)

তারিখঃ ০৬ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ  
২০ ডিসেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। বর্ণিত সফরের জন্য সংশ্লিষ্ট দেশের ভিসা প্রাপ্তির নিমিত্ত প্রয়োজনীয় নোট ভারব্যাল জারীর জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো (সত্যায়িত নোটে-শীটের ছায়ালিপি সংযুক্ত)।
- ২। মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৫। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী/সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপ-সচিব, পুলিশ-১/পুলিশ-৪ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা (বহিরাগমন), শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮। সহকারী প্রোগ্রামার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৯। জনাব .....

ফারজানা জেসমিন  
সিনিয়র সহকারী সচিব